কালের কণ্ঠ

18 APR 2016
১৮ ... ৪

পাবনা বিশ্ববিদ্যালয়

# চাকরি স্থায়ী করার দাবিতে বিক্ষোভ

পাবনা প্রতিনিধি ▷

চাকরি স্থায়ীকরণের দাবিতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) মাস্টাররোলে কর্মরত কর্মচারীরা গতকাল রবিবার সকালে ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন। এ সময় বিজ্ঞান ভবনে তালা ঝুলিয়ে দেওয়া হয়। বিক্ষোভকারী কর্মচারীরা জানান, দীর্ঘদিন ধরে চতুর্থ শ্রেণির প্রায় অর্ধশত কর্মচারী মাস্টাররোলে চাকরি করে আসছেন। কর্তৃপক্ষ বিভিন্ন সময়ে তাদের চাকরি স্থায়ী করার আশ্বাস দিয়ে প্রতিশ্রুতি না রাখায় বাধ্য হয়ে তাঁরা বিক্ষোভ করছেন। সকালে বিক্ষোভ করার পর বিক্ষুব্ধ কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ আলী বিজ্ঞান ভবনে তালা ঝুলিয়ে দেন। এ নিয়ে কর্মচারীদের সঙ্গে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বাকবিতণ্ডার ঘটনা ঘটে। এ সময় শিক্ষক-কর্মকর্তারা তালা ভেঙে ভেতরে ঢোকার চেষ্টা করলে উত্তেজনা দেখা দেয়। এ ব্যাপারে পাবিপ্রবির প্রক্টর আওয়াল কবির জয় জানান, মাস্টাররোলের চাকরি করা কর্মচারীদের সঙ্গে আলোচনা হয়েছে।